



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়: ১৩৭/এ সিডিএ এডিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

খোলা বাজার থেকে নিম্নমানের গ্যাস সরঞ্জাম ব্যবহার না করার জন্য সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি অভিযোগ পাওয়া যাচ্ছে যে, আবাসিক/বাণিজ্যিক গ্যাস সরঞ্জাম (রেগুলেটর, এমএস ভাল্ব ইত্যাদিসহ) অন্যান্য গ্যাস সরঞ্জাম কর্নফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী হতে সংগ্রহ না করে খোলা বাজারে অসাধু চক্রের কাছ থেকে নিম্নমানের গ্যাস সরঞ্জাম ক্রয়/সংগ্রহ করে ব্যবহার করা হচ্ছে। এতে গ্যাস লিকেজ, অগ্নিকাণ্ড ও জানমালের নিরাপত্তা ঝুঁকি সৃষ্টি হচ্ছে।

বর্ণিত গ্যাস সরঞ্জাম অবৈধভাবে খোলা বাজার থেকে ক্রয় না করে কর্নফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী থেকে সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। একই সাথে খোলা বাজারে অবৈধভাবে গ্যাস সরঞ্জাম ক্রয়/বিক্রয় না করার জন্য এতদসঙ্গে জড়িত ব্যক্তি/প্রতিষ্ঠানকে সতর্ক করা হচ্ছে। অবৈধভাবে খোলা বাজারের গ্যাস সরঞ্জাম ক্রয়/বিক্রয় বন্ধে আইনগত ব্যবস্থা গ্রহণসহ ত্র্যম্যাগ আদালত পরিচালনা করা হবে।

গ্যাস দুর্ঘটনা প্রতিরোধকল্পে সতর্কীকরণ বিজ্ঞপ্তি

- * অকারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখবেন না। রান্না শেষে গ্যাসের চুলাটি বন্ধ করুন।
- * চুলা জ্বালানোর কমপক্ষে ১৫/২০মিনিট পূর্বে রান্না ঘরের দরজা জানালা খুলে অবাধ বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত করুন।
- * রান্না ঘরের জানালা সর্বদা খোলা রাখুন। রান্না ঘরে পর্যাপ্ত ভেন্টিলেশন এর ব্যবস্থা নিশ্চিত করুন।
- * মাঝে মাঝে সাবান/শ্যাম্পুর ফেনা ছিটিয়ে চুলার নব/পিতলের চাবির সংযোগ স্থলে কোনরূপ বুদবুদ সৃষ্টি তথা লিকেজের আলামত আছে কি-না তা নিজেই পরীক্ষা করুন। অভ্যন্তরীণ লাইনে লিকেজ পরিলক্ষিত হলে কর্নফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর অনুমোদিত ফিটার/দক্ষ মিস্ত্রী দ্বারা তা মেরামত করে পরীক্ষা করে নিশ্চিত হয়ে নিন।
- * গ্যাস পাইপ লাইনের সন্নিকটে কোন দাহ্য পদার্থ রাখা বা বৈদ্যুতিক লাইন স্থাপন করা থেকে বিরত থাকুন।
- * গ্যাস দুর্ঘটনা রোধে মানসম্মত গ্যাস সরঞ্জাম (জি.আইপাইপ/জি.আই ফিটিংস/ উন্নত মানের গ্যাসের চুলা) ব্যবহার করুন।
- * বি.দ্র.: গ্যাস সংযোগ/পুনঃসংযোগের ক্ষেত্রে ব্যক্তি পর্যায়ে কোনরূপ আর্থিক লেনদেন না করে চাহিদাপত্র (ডিমান্ডনোট) এর অর্থ তফসিলভুক্ত ব্যাংকের মাধ্যমে পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।
- * কোন দুর্ঘটনাগত আঘাত বা অন্য যেকোনো কারণে গ্যাস লাইনে কোথাও কোনো লিকেজ/ত্রুটি/দুর্ঘটনা পরিলক্ষিত হলে বা গ্যাস সরবরাহ বিঘ্নিত হলে নিম্নবর্ণিত প্রদত্ত জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কক্ষের নম্বরে যোগাযোগ/অবহিত করুন।

জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-উত্তর (ষোলশহর অফিস) মোবাইল: +৮৮০১৭৩০৭২৮৪৪৪ ফোন: +৮৮০২৪১৩৫৫২৮২ হট লাইন: ১৬৫১২	জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-দক্ষিণ (হালিশহর অফিস) মোবাইল: +৮৮ ০১৭৭৭ ৭১ ৭৬ ০৮ ফোন: +৮৮০২ ৩৩ ৩৩ ২৬ ৬০৪
টেকনিক্যাল সাপোর্ট সেন্টার (প্রি-পেইড মিটারের জন্য) মোবাইল: +৮৮ ০১৭০৭ ০৭ ৪৪ ৬২ +৮৮ ০১৭৭৭ ৭১ ৭৬ ০৭	
আপনার সচেতনতাই পারে বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা করতে।	